প্রথম আলো

06 DEC 2017
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

## ইসলামী বিশ্ববিদ্যালয়

# সি ইউনিটের ভর্তি পরীক্ষা বাতিল

কুষ্টিয়া অফিস ●

কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের মানবিক ও সমাজবিজ্ঞান অনুষদভুক্ত সি ইউনিটের অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার দ্বিতীয় পালার পরীক্ষা বাতিল করা হয়েছে। একই সঙ্গে তৃতীয় পালার পরীক্ষা স্থগিত করা হয়েছে। এ দুই পালার পরীক্ষা ৮ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয় প্রশাসন জরুরি সভা করে এ সিদ্ধান্ত দেয়।

সূত্র জানায়, মানবিক ও সমাজবিজ্ঞান অনুষদভুক্ত সি ইউনিটের ভর্তি পরীক্ষা গতকাল তিন পালায় হওয়ার কথা ছিল। প্রথম পালার ভর্তি পরীক্ষা সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত হয়। বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত দ্বিতীয় পালার পরীক্ষা হয়। কিন্তু দেখা যায়, প্রথম পালার পরীক্ষা পদ্মা-এ এবং পদ্মা-বি সেট প্রশ্নপত্রে অনুষ্ঠিত হয়।

দ্বিতীয় পালায় যমুনা-এ এবং যমুনা-বি সেটে পরীক্ষা হওয়ার কথা ছিল। কিন্তু এখানে যমুনা-এ সেট ঠিক থাকলেও যমুনা-বি সেটের স্থলে পদ্মা-বি সেট চলে আসে। সকালে অনুষ্ঠিত পরীক্ষার প্রশ্নপত্রে আবারও পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার বিষয়টি কর্তৃপক্ষের নজরে এলে ইউনিটের সদস্যরা উপাচার্যের কার্যালয়ে জরুরি সভা করেন।

ইউনিট সূত্রে জানা যায়, প্রথম পালার প্রশ্নপত্র দিয়ে দ্বিতীয় পালার ভর্তি পরীক্ষা নেওয়ার বিষয়টি প্রমাণিত হলে দ্বিতীয় পালার পরীক্ষা বাতিল করা হয়। আগামী শুক্রবার সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত দ্বিতীয় পালা ও ১১টা থেকে ১২টা তৃতীয় পালার পরীক্ষা নেওয়া হবে।

ব্যানবেইস